জুলাই/২০১১-মার্চ/২০১২ সময়কালে শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামুলক প্রতিবেদন ।

বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত ত্রৈমাসিক বিবরণীর ভিত্তিতে জুলাই/২০১১-মার্চ/২০১২ সময়কালে শিল্প ঋণের বিতরণ, আদায়, মেয়াদোত্তীর্ণ, শ্রেণীবিন্যাসিত ও বকেয়ার একীভূত বিবরণী প্রস্তুত করা হয়েছে । উক্ত বিবরণীর পর্যালোচনামূলক প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হ'লঃ


০১। **ঋণ বিতরণ ঃ**

জুলাই/১১-মার্চ/১২ সময়কালে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৮১,২৫৩.৪৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের বিতরণ ছিল যথাক্রমে ৫৬,১৯৩.৫৭ কোটি টাকা ও ২৫,০৫৯.৮৯ কোটি টাকা । আলোচ্য সময়ে বিতরণকৃত মোট ৮১,২৫৩.৪৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮.২০%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.৫২%, বিদেশী ব্যাংকসমূহ ৮.৪৯%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.৬১% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.১৮% ঋণ বিতরণ করেছে ।

জুলাই/১০-মার্চ/১১ সময়ে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৭৭,৭২০.৬৫ কোটি টাকা, যা জুলাই/১১-মার্চ/১২ সময়ে ৪.৫৫% বৃদ্ধি পেয়ে ৮১,২৫৩.৪৬ কোটি টাকা হয়েছে । জুলাই/১০-মার্চ/১১ সময়ের তুলনায় চলতি মূলধনের ক্ষেত্রে বিতরণ বৃদ্ধি পেয়েছে ৫.৫৬% এবং মেয়াদী ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২.৩৪% । নিমের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই/১০-মার্চ/১১	জুলাই/১১-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**৫৩২৩২.৯৪**	**৫৬১৯৩.৫৭**	(+) **৫.৫৬**
মেয়াদী ঋণ	**২৪৪৮৭.৭১**	**২৫০৫৯.৮৯**	(+) **২.৩৪**
মোটঃ	**৭৭৭২০.৬৫**	**৮১২৫৩.৪৬**	(+) **৪.৫৫**



অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে শিল্প ঋণ বিতরণের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**১৯২৯৫.০২**	**১৯৩৩৬.০৯**	(+) ০.২১
মেয়াদী ঋণ	**৯৮৬৭.৮৪**	**৭৭৫৪.৬১**	(-) ২১.৪২
মোট	**২৯১৬২.৮৬**	**২৭০৯০.৭০**	(-) ৭.১১

অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে মেয়াদী ঋণ বিতরণের হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	**৫৭০৬.৩২**	**৫২৪৯.৮০**	(-) ৮.০০
মাঝারি শিল্প ঋণ	**৩৪৬৮.৬৪**	**১৯৯২.৬৩**	(-) ৪২.৫৫
ক্ষুদ্র শিল্প ঋণ	**৬৯২.৮৮**	**৫১২.১৮**	(-) ২৬.০৮
মোট মেয়াদী ঋণ	**৯৮৬৭.৮৪**	**৭৭৫৪.৬১**	(-) ২১.৪২

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০২। ঋণ আদায় ঃ

জুলাই/১১-মার্চ/১২ সময়ে শিল্প ঋণের মোট আদায়ের পরিমাণ ৭১,২৩৯.৯২ কোটি টাকা, তন্মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের আদায় যথাক্রমে ৪৮,৮৯২.০১ কোটি টাকা ও ২২,৩৪৭.৯১ কোটি টাকা। আদায়কৃত এ অর্থের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮.২৬%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৪.২৩%, বিদেশী ব্যাংকসমূহ ১০.০১%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.১৯% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৩১%।

জুলাই/১০-মার্চ/১১ সময়ে আদায়কৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ৬১,১০১.৯৩ কোটি টাকা, যা জুলাই/১১-মার্চ/১২ সময়ে ১৬.৫৯% বৃদ্ধি পেয়ে ৭১,২৩৯.৯২ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধনের আদায় বেড়েছে ১৬.৯৮% এবং মেয়াদী ঋণের আদায় বেড়েছে ১৫.৭৬% । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	জুলাই/১০-মার্চ/১১	জুলাই/১১-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**৪১৭৯৬.৯৫**	**৪৮৮৯২.০১**	(+) **১৬.৯৮**
মেয়াদী ঋণ	**১৯৩০৪.৯৮**	**২২৩৪৭.৯১**	(+) **১৫.৭৬**
মোট	**৬১১০১.৯৩**	**৭১২৩৯.৯২**	(+) **১৬.৫৯**



অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে শিল্প ঋণ আদায়ের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**১৬৯৬৪.১৬**	**১৭০৩৪.৩৭**	(+) ০.৪১
মেয়াদী ঋণ	**৮৩৬০.৯৮**	**৭১৭৬.০৫**	(-) ১৪.১৭
মোট	**২৫৩২৫.১৪**	**২৪২১০.৪২**	(-) ৪.৪০

অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে মেয়াদী ঋণ আদায়ের হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	**৪৮০৩.২৯**	**৪৫৫২.৩৭**	(-) ৫.২২
মাঝারি শিল্প ঋণ	**২৭১২.৭৩**	**২১১৮.৯৯**	(-) ২১.৮৯
ক্ষুদ্র শিল্প ঋণ	**৮৪৪.৯৬**	**৫০৪.৬৯**	(-) ৪০.২৭
মোট মেয়াদী ঋণ	**৮৩৬০.৯৮**	**৭১৭৬.০৫**	(-) ১৪.১৭

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০৩। **মেয়াদোত্তীর্ণ ঋণ ঃ**

জুলাই/১১-মার্চ/১২ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১৩,৯৩৮.৮৪ কোটি টাকা, যা শিল্পখাতে মোট বকেয়া ঋণস্থিতির ৯.৮৭% । এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের মেয়াদোত্তীর্ণের পরিমাণ ছিল যথাক্রমে ৬,৯৪৮.৬০ কোটি টাকা এবং ৬,৯৯০.২৪ কোটি টাকা । মোট মেয়াদোত্তীর্ণ ঋণের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩৩.৩৩%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫৩.৯৭%, বিদেশী ব্যাংকসমূহ ২.২১%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৫.৪৯% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৫.০১% ।

জুলাই/১০-মার্চ/১১ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের স্থিতি ছিল ১২,৫০৭.৯৯ কোটি টাকা, যা জুলাই/১১-মার্চ/১২ সময়কালে ১১.৪৪% বৃদ্ধি পেয়ে ১৩,৯৩৮.৮৪ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধন ৪.৫৯% এবং মেয়াদী ঋণের হার ১৯.২০% বৃদ্ধি পেয়েছে । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	জুলাই/১০-মার্চ/১১	জুলাই/১১-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৬৬৪৩.৮৫	৬৯৪৮.৬০	(+) ৪.৫৯
মেয়াদী ঋণ	৫৮৬৪.১৪	৬৯৯০.২৪	(+) ১৯.২০
মোট	১২৫০৭.৯৯	১৩৯৩৮.৮৪	(+) ১১.৪৪



অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৬২৭৮.০৪	৬৯৪৮.৬০	(+) ১০.৬৮
মেয়াদী ঋণ	৬৪৮২.৫৭	৬৯৯০.২৪	(+) ৭.৮৩
মোট	১২৭৬০.৬১	১৩৯৩৮.৮৪	(+) ৯.২৩

অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে মেয়াদোত্তীর্ণ মেয়াদী ঋণের হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৩৬৬৬.৭০	৪৩৭২.৯৭	(+) ১৯.২৬
মাঝারি শিল্প ঋণ	২১১৬.৪৭	২০১০.৭৮	(-) ৪.৯৯
ক্ষুদ্র শিল্প ঋণ	৬৯৯.৪০	৬০৬.৪৯	(-) ১৩.২৮
মোট মেয়াদী ঋণ	৬৪৮২.৫৭	৬৯৯০.২৪	(+) ৭.৮৩

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০৪। **শ্রেণীবিন্যাসিত ঋণ ঃ**

জুলাই/১১-মার্চ/১২ সময়ে শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ৭,৬৪৪.৯৭ কোটি টাকা, যা শিল্পখাতে মোট বকেয়া ঋণ স্থিতির ৫.৪২% । উক্ত সময়ে শ্রেণীবিন্যাসিত চলতি মূলধন ও মেয়াদী ঋণের পরিমাণ যথাক্রমে ২,৬৫০.৩৫ কোটি টাকা এবং ৪,৯৯৪.৬২ কোটি টাকা । এর মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৬.২৬%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩০.৪৭%, বিদেশী ব্যাংকসমূহের ২.৮৪%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১১.৬৩% এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৮.৮০% শ্রেণীবিন্যাসিত ঋণ রয়েছে ।

জুলাই/১০-মার্চ/১১ সময়ে শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল **৮,২৬৬.৪৩** কোটি টাকা, যা বর্তমানে (জুলাই/১১-মার্চ/১২) ৭.৫২% হ্রাস পেয়ে ৭,৬৪৪.৯৭ কোটি টাকায় দাঁড়িয়েছে । এর মধ্যে মেয়াদী ঋণ খাতে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ৩.৪৩% বৃদ্ধি পেলেও চলতি মূলধন খাতে ২২.৯০% হ্রাস পেয়েছে । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	জুলাই/১০-মার্চ/১১	জুলাই/১১-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৩৪৩৭.৪০	২৬৫০.৩৫	(-) ২২.৯০
মেয়াদী ঋণ	৪৮২৯.০৩	৪৯৯৪.৬২	(+) ৩.৪৩
মোট	৮২৬৬.৪৩	৭৬৪৪.৯৭	(-) ৭.৫২



অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	২৫০৭.৯৫	২৬৫০.৩৫	(+) ৫.৬৮
মেয়াদী ঋণ	৪৬৪৬.২১	৪৯৯৪.৬২	(+) ৭.৫০
মোট	৭১৫৪.১৬	৭৬৪৪.৯৭	(+) ৬.৮৬

অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার
বৃহৎ শিল্প ঋণ	২৬১৫.৮৯	২৮৩০.১২	(+) ৮.১৯
মাঝারি শিল্প ঋণ	১৪২০.১৬	১৬৭২.০২	(+) ১৭.৭৩
ক্ষুদ্র শিল্প ঋণ	৬১০.১৬	৪৯২.৪৮	(-) ১৯.২৯
মোট মেয়াদী ঋণ	৪৬৪৬.২১	৪৯৯৪.৬২	(+) ৭.৫০

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর


০৫। বকেয়া ঋণস্থিতি ঃ

জুলাই/১১-মার্চ/১২ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ **১,৪১,১৫৬.৫২** কোটি টাকা । এর মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি **৬৩,৭৫৩.৪৬** কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি **৭৭,৪০৩.০৬** কোটি টাকা । মোট বকেয়া ঋণস্থিতির ১৮.২২% রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৬৪.২৭% বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৫.৭৮% বিদেশী ব্যাংকসমূহের, ৪.৭৮% বিশেষায়িত ব্যাংকসমূহের এবং ৬.৯৫% অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ।

জুলাই/১০-মার্চ/১১ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল **১,২০,৯৫৯.৪৯** কোটি টাকা, যা বর্তমান সময়ে (জুলাই/১১-মার্চ/১২) ১৬.৭০% বৃদ্ধি পেয়ে **১,৪১,১৫৬.৫২** কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ১৪.৬৯% বৃদ্ধি পেয়ে **৬৩,৭৫৩.৪৬** কোটি টাকা এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতি ১৮.৪০% বৃদ্ধি পেয়ে **৭৭,৪০৩.০৬** কোটি টাকা হয়েছে। নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'লঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই/১০-মার্চ/১১	জুলাই/১১-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**৫৫৫৮৫.৪৫**	**৬৩৭৫৩.৪৬**	(+) **১৪.৬৯**
মেয়াদী ঋণ	**৬৫৩৭৪.০৪**	**৭৭৪০৩.০৬**	(+) **১৮.৪০**
মোট	**১২০৯৫৯.৪৯**	**১৪১১৫৬.৫২**	(+) **১৬.৭০**



অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে বকেয়া শিল্প ঋণের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	**৬১১৪২.৮৬**	**৬৩৭৫৩.৪৬**	(+) ৪.২৭
মেয়াদী ঋণ	**৭৪৮২২.৪৮**	**৭৭৪০৩.০৬**	(+) ৩.৪৫
মোট	**১৩৫৯৬৫.৩৪**	**১৪১১৫৬.৫২**	(+) ৩.৮২

অক্টোঃ-ডিসেঃ/১১ ও জানুঃ-মার্চ/১২ ত্রৈমাসে মেয়াদী ঋণের বকেয়া স্থিতির হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	অক্টোঃ-ডিসেঃ/২০১১	জানুঃ-মার্চ/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	**৪৮৫৬০.৯৮**	**৫০০০২.৩৯**	(+) **২.৯৭**
মাঝারি শিল্প ঋণ	**১৯৪৭৪.৭৫**	**১৯৮৯৫.৩৬**	(+) **২.১৬**
ক্ষুদ্র শিল্প ঋণ	**৬৭৮৬.৭৫**	**৭৫০৫.৩১**	(+) **১০.৫৯**
মোট মেয়াদী ঋণ	**৭৪৮২২.৪৮**	**৭৭৪০৩.০৬**	(+) **৩.৪৫**

শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছর একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে, জুলাই/১০-মার্চ/১১ অপেক্ষা জুলাই/১১-মার্চ/১২ সময়কালে ঋণ বিতরণ ৪.৫৫%, আদায় ১৬.৫৯%, মেয়াদোত্তীর্ণের পরিমাণ ১১.৪৪% ও বকেয়া ঋণ স্থিতি ১৬.৭০% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৭.৫২% হ্রাস পেয়েছে, যা' আশাব্যাঞ্জক।